ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার গুণগত মানোন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত নীতিমালার ভিত্তিতে শিক্ষকদের বিদেশে উচ্চ শিক্ষার্থে পিএইচ.ডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ বৃত্তির দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ২০ জুন ২০২২ তারিখ অপরাহ্ণ থেকে অনলাইনে http://scholarships.du.ac.bd/bangabandhu ওয়েবলিঙ্কের মাধ্যমে আবেদন করা যাবে। অনলাইনে পূরণকৃত দরখাস্তের প্রিন্ট কপি বিভাগীয় চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের-এর মাধ্যমে কাভার লেটারসহ রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয় বরাবর ২০ জুলাই ২০২২ তারিখের মধ্যে প্রেরণের অনুরোধ জানানো হলো। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

## শিক্ষকদের উচ্চশিক্ষার জন্য বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ-এর আবেদনের নীতিমালা

১. এই বৃত্তির আওতাধীন থাকবে এশিয়া, ইউরোপ, আমেরিকা, অস্ট্রেলিয়া ও আফ্রিকার দেশসমূহের বিশ্ববিদ্যালয়/উচ্চশিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান।

২. এই বৃত্তি শুধুমাত্র নিম্নোক্ত শর্ত পূরণকারী বিশ্ববিদ্যালয়ের প্রভাষক, সহকারী অধ্যাপক ও সহযোগী অধ্যাপকদের জন্য উন্মুক্ত থাকবে।

(ক) বৃত্তি প্রদানের তারিখে প্রার্থীদের বয়স ৪০ (চল্লিশ) বছরের উর্দ্ধে হবে না।

(খ) বৃত্তি প্রদানের তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবেদনকারীর চাকুরিকাল অন্যূন ২ (দুই) বছর পূর্ণ হতে হবে।

(গ) এই বৃত্তির জন্য প্রার্থী নির্বাচনে প্রার্থীর মেধা, প্রকাশনা, চাকুরিকাল এবং বর্তমান নিযুক্তির প্রকৃতি বিশেষভাবে বিবেচনা করা হবে।

(ঘ) প্রার্থীকে অবশ্যই বিদেশী বিশ্ববিদ্যালয়ে তাঁর ভর্তি নিশ্চিত করতে হবে এবং প্রমাণ হিসাবে যথাযথ ভর্তির কাগজপত্র দরখাস্তের সাথে জমা দিতে হবে। যে সকল আবেদনকারী নিজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান থেকে টিউশন ফি মওকুফ/হ্রাসের অথবা অন্য কোন প্রতিষ্ঠান থেকে আর্থিক সহায়তা লাভে সমর্থ হবেন এবং যে সকল আবেদনকারী এ বৃত্তির অধীনে তুলনামূলকভাবে কম অর্থ বরাদ্দের মাধ্যমে উচ্চ শিক্ষা গ্রহণে সমর্থ হবেন, বৃত্তি প্রদানের সময় সে সকল প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

(ঙ) প্রার্থী বাংলাদেশের কোনো বিষয়/সমস্যা নিয়ে কাজ করলে এবং গবেষণা ক্ষেত্র বাংলাদেশে হলে তাকে অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া গবেষণা এস.ডি.জি সম্পর্কিত হলে প্রার্থী অগ্রাধিকার পাবেন।

৩. ইতোমধ্যে যে সকল শিক্ষক বিদেশ থেকে অন্য কোন বৃত্তি/প্রোগ্রামে মাস্টার্স ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি অর্জন করে দেশে ফিরেছেন তাঁদের ক্ষেত্রে বৃত্তি প্রদানের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৪. এই বৃত্তি প্রাথমিকভাবে এক বছরের জন্য দেয়া হবে। সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক/বিভাগ/বিশ্ববিদ্যালয় থেকে অগ্রগতির সন্তোষজনক রিপোর্ট প্রাপ্তি সাপেক্ষে বৃত্তি নবায়ন করা যাবে।

৫. এই বৃত্তি পিএইচ.ডি'র জন্য সর্বোচ্চ চার বছর প্রদানের বিষয় বিবেচনা করা যেতে পারে।

৬. কোন নন-ডিগ্রি প্রোগ্রাম/শর্ট কোর্স/ডিপ্লোমার ক্ষেত্রে এই বৃত্তি প্রযোজ্য হবে না।

৭. বিদেশে উচ্চশিক্ষা সম্পর্কিত সরকারী ও বিশ্ববিদ্যালয়ের বিধিমালা এই বৃত্তি গ্রহণকারীর ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮. অসম্পূর্ণ/ ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. আবেদনপত্রে দুইজন গ্রহনযোগ্য গ্যারান্টরের পূর্ণাঙ্গ তথ্যসহ স্বাক্ষরযুক্ত নির্ধারিত ফর্মে গ্যারান্টি প্রদান করতে হবে।

১০. কেউ যদি গবেষণা শেষে দেশে ফেরত না আসে তবে তাঁকে অথবা গ্যারান্টরকে সম্পূর্ণ অর্থ ফেরত দিতে হবে।

১১. বৃত্তি প্রদানের ক্ষেত্রে অনুষদ কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয়গুলো বিবেচিত হবে তবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে MoU স্বাক্ষরকারী মান সম্মত বিশ্ববিদ্যালয়সমূহকে অগ্রাধিকার দেয়া হবে।

১২. জীবন যাপনের জন্য Commonwealth / Monbusho/Endeavour বৃত্তির সমতুল্য আর্থিক সুবিধা এক্ষেত্রে বিবেচিত হবে। বৃত্তি প্রাপ্তরা স্বাস্থ্য বীমা এবং যেসব ক্ষেত্রে টিউশন ফি'র পরিবর্তে সেমিস্টার ফি প্রযোজ্য সেসব ক্ষেত্রে সেমিস্টার ফি'র জন্য প্রয়োজনীয় অর্থ প্রাপ্ত হবেন। এছাড়া মাঠ পর্যায়ে গবেষণার তথ্য সংগ্রহের জন্য একবার যাতায়াত খরচসহ অর্থ প্রাপ্ত হবেন।

১৩. বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ-এ আবেদনকারী শিক্ষকবৃন্দ যে বিশ্ববিদ্যালয় থেকে Ph.D করবেন তার আন্তর্জাতিক র‍্যাংকিং (Times Higher Education,QS) ৩০০ এর মধ্যে হওয়া বাঞ্ছনীয় এবং ইউরোপ, অস্ট্রেলিয়া ও উত্তর আমেরিকার বিশ্ববিদ্যালয়সমূহ থেকে ডিগ্রি অর্জনের লক্ষ্যে Offer Letter প্রাপ্ত শিক্ষকবৃন্দকে বৃত্তি প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১৪. বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ এ আবেদনকারী শিক্ষকবৃন্দ তাদের 'গবেষণা প্রস্তাবনায়' টেকশই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন, চতুর্থ শিল্প বিপ্লবের সাথে প্রস্তাবনার সংশ্লেষ এবং বাংলাদেশের উন্নয়ন মাইলফলক অর্জনে কি ভূমিকা রাখবে সে বিষয়ে সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে। উল্লেখ্য "বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ" প্রাপ্ত শিক্ষক ডিগ্রী অর্জন করে দেশে ফেরার পর অর্জিত ডিগ্রী বিভাগ/ইনস্টিটিউটের একাডেমিক কার্যক্রমে কি ভূমিকা রাখবে তা আলাদা একটি Subhead-এ বিশদভাবে উল্লেখ করতে হবে।

১৫. বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ এ আবেদনকারী শিক্ষকবৃন্দের IELTS/GRE/TOEFL/GMAT পরীক্ষার নুন্যতম স্কোর হবে:

| | | |
|---|---|---|
| 1. | IELTS | 6.5 |
| 2. | GRE | 310 |
| 3. | TOEFL | 90 |
| 4. | GMAT | 560 |

১৬. বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ এ আবেদনকারী শিক্ষকবৃন্দকে সরবরাহকৃত একটি সুনির্দিষ্ট প্রোফর্মায় গবেষণা প্রস্তাবনা একাডেমিক কমিটির সুপারিশ হয়ে চেয়ারম্যান/ইনস্টিটিউটের পরিচালকের মাধ্যমে জমা দিতে হবে।

১৭. বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত Template অনুযায়ী বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ প্রাপ্ত শিক্ষকবৃন্দ যে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নের জন্য যাবেন সেখানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ বিষয়ে একটি নির্ধারিত বক্তব্য উপস্থাপন করতে হবে।

১৮. বঙ্গবন্ধু ওভারসিস স্কলারশিপ এ আবেদনকারী শিক্ষকবৃন্দ গবেষণা প্রস্তাব (Research Proposal) চূড়ান্তকরার জন্য তাঁদের সুপারভাইজরের সাথে যে ই-মেইল করেসপন্ডেনস্ (Correspondence) করবে সে সংক্রান্ত ই-মেইলে bangabandhu_overseasscholarship@du.ac.bd একাউন্টকে অনুলিপিতে রাখতে হবে।

19/06/22

প্রবীর কুমার সরকার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়

প্রশাসনিক ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়

Com 1/E/Bangabandhu Overseas Scholarship Circular 2022-2023

CS Scanned with CamScanner